উপজেলা পরিষদ
বাজিতপুর, কিশোরগঞ্জ

বিষয় ঃ বাজিতপুর উপজেলা পরিষদের ৩২৮তম মাসিক সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব গোলনাহার
প্যানেল চেয়ারম্যান-১
উপজেলা পরিষদ, বাজিতপুর।

স্থান ঃ উপজেলা পরিষদে হলরুম।

তারিখ ঃ ২৫ আগস্ট ২০২১ খ্রিস্টাব্দ, সময়ঃ বেলা ১১.৩০ টা।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'খ' তে দেখানো হয়েছে।

সভার প্রারম্ভে সভার সম্মানিত সভাপতি ও প্যানেল চেয়ারম্যান-১, উপজেলা পরিষদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানান এবং সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। অতঃপর সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। এতে কোন সংশোধনী না থাকায় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগের জুলাই/২০২১ মাসের কার্যক্রম নিম্নোক্ত ক্রমানুযায়ী বিস্তারিতভাবে আলোচনাপূর্বক নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ-

ক্রঃ নং	বিভাগ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	উপজেলা প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)	উপজেলা প্রকৌশলী জানান, উপজেলা পরিষদের ৩২৪ তম সভার সিদ্ধান্ত মোতাবেক সরারচর বাজারের মাছমহালের পুরাতন শেডটি জরাজীর্ণ হওয়ায় নতুন করে সংস্কার করার সিদ্ধান্ত হওয়ায় পুরাতন শেডটির মালামাল নিলামে বিক্রয় করার লক্ষ্যে নির্ধারিত মূল্য ২৯,০৮৫/- টাকার জন্য প্রকাশ্যে নিলাম ডাকের জন্য বিজ্ঞপ্তি দেয়া হয়। তাছাড়া উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল এর ২০২১-২০২২ অর্থবছরের প্রথম কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দের ০৪ গুন অর্থের প্রকল্প গ্রহণ করে পিপিআর-২০০৮ অনুসরণপূর্বক খরচ করতে হবে। এ লক্ষ্যে সকল ইউপি চেয়ারম্যান এবং সংশ্লিষ্ট সকলকে দ্রুত প্রকল্প প্রস্তাব দাখিলের জন্য অনুরোধ করা হলো। উপজেলা পরিষদ পরিচালন ও উন্নয়ন তহবিল এর আওতায় ৫ম পর্যায় ২০২১-২০২২ অর্থ বছরের জন্য সংশ্লিষ্ট সকলকে প্রকল্প দাখিলের জন্য অনরোধ করা হয়।	১। সরারচর বাজারের মাছমহালের পুরাতন শেডটির নিলাম ডাক সরকারি বিধি বিধান মোতাবেক পরিচালনা করতে হবে। ২। প্রকল্পসমূহ বাস্তবায়নে কত টাকার প্রয়োজন তা সরেজমিনে পরিদর্শন করে প্রাক্কলন তৈরী করতে হবে।	১। উপজেলা প্রকৌশলী, বাজিতপুর। ২। চেয়ারম্যান, সরারচর ইউপি। ৩। সংশ্লিষ্ট সকল, বাজিতপুর।
০২	উপজেলা কৃষি বিভাগ	উপজেলা কৃষি অফিসার সভায় জানান, চলতি সরিপ ২০২১-২২ মৌসুমে প্রায় ৭০৩০ হেক্টর জমিতে রোপা আমন ধানের আবাদ করা হয়েছে। পাট ও আউশ ধান কর্তন সমাপ্ত হয়েছে। মাঠের বর্তমান অবস্থা ভাল। তাঁর বিভাগীয় কাজকর্ম সুষ্ঠুভাবে চলছে।	ফসল উৎপাদনের কৃষকদের সার্বিক সহযোগিতা প্রদান করতে হবে।	উপজেলা কৃষি অফিসার বাজিতপুর।
০৩	উপজেলা স্বাস্থ্য বিভাগ	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, হাসপাতালের নিয়মিত কার্যক্রম অর্থাৎ ইনডোর, আউটডোর, ইমারজেন্সী স্বাভাবিক নিয়মে চলিতেছে। কোন অসুবিধা নাই। কোভিড-১৯ কার্যক্রম, করোনা রোগীর লক্ষণ শনাক্তকরণ, RTPCR & Rapid antigen test নিয়মিতভাবে পরীক্ষা করা হচ্ছে। কোভিড-১৯ পজেটিভ হলে হোম আইশোলেশনে রেখে চিকিৎসা দেয়া হচ্ছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রতিদিন ১ম ডোজ এবং ২য় ডোজ টিকা মিলিয়ে ৪০০-৫০০ ইউনিয়ন পর্যায়ে সাবেক ০১ নং ওয়ার্ডে ১১টি ইউনিয়নে ৬৬০০ জনকে টিকা দেয়া হয়েছে। বাজিতপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভ্যাকসিনের কোন স্বল্পতা নেই। ২৪.০৮.২০২১ পর্যন্ত এ উপজেলায় কোভিড-১৯ আক্রান্ত রোগীর সংখ্যা ১৫১ জন। বর্তমান অবস্থা আগের চেয়ে উন্নতির দিকে। উপজেলা পরিষদ পরিচালন ও উন্নয়ন তহবিলের অর্থায়নে সেন্ট্রাল অক্সিজেন প্ল্যান্ট বসানো হয়েছে। দ্রুত অক্সিজেন প্লান্ট/তরল অক্সিজেন সরবরাহ নিশ্চিত করা হবে।	১। কোভিড-১৯ সংক্রান্ত স্বাস্থ্য সেবা সরকারি নির্দেশনা অনুসারে নিয়মিতভাবে পরিচালনা করতে হবে। ২। হাসপাতালে দ্রুত প্লান্ট/তরল অক্সিজেন সরবরাহ নিশ্চিত করতে হবে।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, বাজিতপুর।
০৪	উপজেলা মৎস্য বিভাগ	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার জানান যে, আগামী ২৪.০৮.২০২১ তারিখে উপজেলা পোনামাছ অবমুক্তকরণ কমিটির সদস্যগণের উপস্থিতিতে পাটুলী ফেরীঘাট সংলগ্ন প্লাবনভূমিতে ৪০০ কেজি কার্প জাতীয় মাছের পোনা অবমুক্ত করা হয়েছে। তাছাড়াও তিনি জানান, আগামী ২৮.০৮.২০২১ হতে	সরকার কর্তৃক প্রদত্ত নির্দেশনা অনুসারে জাতীয় মৎস্য সপ্তাহ পালন সম্পন্ন করতে হবে।	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, বাজিতপুর।

		০৩.০৯.২০২১ তারিখ পর্যন্ত জাতীয় মৎস্য সপ্তাহ অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে সরকার কর্তৃক ঘোষিত বিভিন্ন কর্মসূচি পালন করা হবে। তিনি জাতীয় মৎস্য সপ্তাহের বিভিন্ন কর্মসূচিতে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য সকলকে অনুরোধ জানান।		
০৫	উপজেলা সমাজসেবা বিভাগ	উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে অত্র উপজেলায় শতভাগ যোগ্য বয়স্ক এবং বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা প্রদানের লক্ষ্যে ভাতা প্রত্যাশী ব্যক্তিদের নিকট থেকে অনলাইনে আবেদন গ্রহণ করা হচ্ছে। ২৫.০৮.২০১১ তারিখ সকাল ১০.০০ টা পর্যন্ত হুমাইপুর ইউনিয়নে ১৩১ জন, দিলালপুর ইউনিয়নে ৪২৮ জন, বলিয়ারদী ইউনিয়নে ৫৫১ জন, সরারচর ইউনিয়নে ৮৩৯ জন, হালিমপুর ইউনিয়নে ৩৪৩ জন, হিলচিয়া ইউনিয়নে ৮৭৫ জন, দিঘিরপাড় ইউনিয়নে ৫৯৫ জন, পিরিজপুর ইউনিয়নে ৬৮১ জন, মাইজচর ইউনিয়নে ২৬৭ জন, গাজিরচর ইউনিয়নে ১৭৮ জন, বৈন্নাগ ইউনিয়নে ৪৫২ জন ও বাজিতপুর পৌরসভায় ১০৬৫ জনাব সর্বমোট ৬৪০৫ জন বয়স্ক এবং বিধাব ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা প্রত্যাশীর আবেদন পাওয়া গেছে। তিনি আরো জানান, হিলচিয়া ইউনিয়নের লৌহগাঁও আশ্রয়ণ প্রকল্পে সর্বমোট ১,৭৭,০০০/- টাকা বিনিয়োগ করা হয়েছে। আদায়ের হার ১০০%। পুনঃ বিনিয়োগকৃত টাকার পরিমাণ ৩,৬৮,০০০/-। পুনঃ বিনিয়োগকৃত টাকার মধ্যে আদায়কৃত ২,৭৪,০০০/- এবং অনাদায়ী রয়েছে ৯১৪,০০০/-	১। বয়স্ক এবং বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা প্রদানের লক্ষ্যে ভাতা প্রত্যাশীদের আবেদন সরকারি নির্দেশনা অনুযায়ী যাচাই বাছাইপূর্বক উপকারভোগী নির্বাচন করতে হবে। ২। হিলচিয়া ইউনিয়নের লৌহগাঁও আশ্রয়ণ প্রকল্পে বিনিয়োগকৃত টাকা আদায়ে তৎপরতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা সমাজসে অফিসার, বাজিতপুর
০৬	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানসমূহের জুলাই মাসে সর্বমোট ২২৯টি অনলাইনে ক্লাস হয়েছে। তিনি আরো জানান, এসএসসি ব্যাচ-২০২১ এর অ্যাসাইনমেন্ট কার্যক্রম চলমান রয়েছে। জুম অনলাইন মিটিং করে অ্যাসাইনমেন্ট বিতরণ-গ্রহণ এবং মূল্যায়ন প্রক্রিয়া বুঝিয়ে দেওয়া হয়েছে। সে মোতাবেক কার্যক্রম চলমান রয়েছে এবং তা নিয়মিত মনিটরিং করা হচ্ছে। এছাড়াও ষষ্ঠ হতে নবম এবং এসএসসি ব্যাচ-২০২২ এর অ্যাসাইনমেন্ট কার্যক্রমও চলমান রয়েছে। এইচএসসি ও সমমান পর্যায়ের অ্যাসাইনমেন্ট কার্যক্রম ও চলমান রয়েছে বলেও তিনি সভায় জানান। ইহ্য ছাড়া ও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে বলে জানান।	১। করোনা সংক্রমণকালে সরকারি নির্দেশনা অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান সমূহের শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে। ২। অ্যাসাইনমেন্ট কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে।	
০৭	উপজেলা শিক্ষা অফিসার	উপজেলা শিক্ষা অফিসার জানান যে, বিদ্যালয় বন্ধ থাকলেও সপ্তাহে একদিন প্রধান শিক্ষক বিদ্যালয়ে গিয়ে দপ্তরী কাম প্রহরীদের সহয়তায় ঝাড়ু দেয়াসহ পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম অব্যাহত রাখা হয়েছে। গুগল শিট এবং জুম ভার্চুয়াল মাধ্যমে পাঠদান কার্যক্রম চলমান রয়েছে। সে সকল শিক্ষার্থীদের এনড্রোয়েড মোবাইল নেই, তাদের সাথে পিচার ফোনে যোগাযোগ করে পড়া লেখার নির্দেশনা দেয়া হচ্ছে। তাছাড়া শিক্ষকগণ বাড়ি বাড়ি গিয়ে শিক্ষা, স্বাস্থ্য ও স্বাস্থ্যবিধির ব্যবহার নিশ্চিতকরণের নির্দেশনা প্রদান করছে এবং সময় সময় মনিটরিংয়ের মাধ্যমে অগ্রগতি যাচাই করা হচ্ছে বলে জানান।	করোনাকালীন বিদ্যালয় বন্ধ থাকায় সরকারি নির্দেশনা অনুসারে শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	উপজেলা শিক্ষা অফিসার বাজিতপুর
০৮	উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, আসন্ন বন্যা মৌসুমে বিশুদ্ধ খাবার পানি সংকট মোকাবেলায় ইউপি চেয়ারম্যানবৃন্দ কর্তৃক চাহিদার বিপরীতে তিনটি ইউনিয়নে পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট বিতরণ করা হয়েছে। তিনি এখনো পর্যন্ত যে সকল ইউনিয়ন হতে চাহিদা প্রদান করা হয়নি; সে সকল ইউপি চেয়ারম্যানবৃন্দকে জরুরিভিত্তিতে চাহিদাপত্র প্রেরণের অনুরোধ জানান।	আসন্ন বন্যা মৌসুমে খাবার পানির সংকট মোকাবেলায় পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট বিতরণের লক্ষ্যে ইউপি চেয়ারম্যানবৃন্দ জরুরি ভিত্তিতে চাহিদা প্রেরণ করবেন।	১। সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), বাজিতপুর। ২। চেয়ারম্যান, সকল ইউপি, বাজিতপুর।
০৯	উপজেলা সমবায় বিভাগ	উপজেলা সমবায় অফিসার জানান যে, বাজিতপুর উপজেলার অডিটযোগ্য সমবায় সমিতি সংখ্যা ১০৭টির মধ্যে বিগত মাস পর্যন্ত ০৯টি সমবায় সমিতির অডিট সম্পাদন করা হয়েছে। সম্পাদনের হার ৮%। ২০২০-২০২১ অর্থবছরের অডিট ফি এবং সিডিএফ আদায়ের হার ১৩%। চলতি অর্থ বছরের ৪টি	বাজিতপুর উপজেলাধীন সমবায় সমিতির কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে।	উপজেলা সমবায় কর্মকর্তা, বাজিতপুর।

CamScanner

		ভ্রাম্যমান প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা রয়েছে। ২০২০-২০২১ অর্থবছরের বাজেট প্রাপ্তির সাপেক্ষে প্রশিক্ষণ কোর্সসমূহ পরিচালনা করা হবে। চলতি অর্থ বছরে ১টি নতুন সমবায় সমিতির নিবন্ধন প্রদান করা হয়েছে। চলতি অর্থ বছরে ১২টি সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটি অনুষ্ঠানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। চলমান করোনা মহামারী পরিস্থিতিতে অত্র উপজেলায় বিভিন্ন সমবায় সমিতি সমূহের কার্যক্রম মারাত্মকভাবে ব্যহত হচ্ছে। এমতাবস্থায় তাদের ঋণ আদায় কার্যক্রম মারাত্মকভাবে ব্যহত হচ্ছে। বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই ।		
১০	উপজেলা যুব উন্নয়ন বিভাগ	উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। তিনি তার কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে।	উপজেলা যুব উন্নয়ন অফিসার, বাজিতপুর।
১১	উপজেলা খাদ্য বিভাগ	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, সরারচর এলএসডিতে বর্তমান মৌসুমে ধান সংগৃহীত হয়েছে ৯০৬ মেট্রিক টন, চাল ১৬৪৭ মেট্রিক টন এবং আতব চাল ৮৭ মেট্রিক টন। বাজিতপুর এলএসডিতে ধান সংগ্রহ করা হয়েছে ৮১.৭৬০ মেট্রিক টন, চাল ৭৫৭.২৩ মেট্রিক টন। বর্তমানে চাল সংগ্রহ এবং ওএমএস কার্যক্রম চলমান রয়েছে।	সরকারি লক্ষ্যমাত্রা অনুযায়ী ধান চাল সংগ্রহ কার্যক্রম পরিচালনা করতে হবে।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বাজিতপুর।
১২	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, বিভিন্ন প্রকল্পের মাধ্যমে এ উপজেলায় ১১,৩৯,৮৫,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং ঋণ আদায় করা হয়েছে ৯,৬৮,৪৭,০০০/- টাকা। আদায়ের হার ৮৫%। বর্তমানে মাঠে বকেয়া ঋণ রয়েছে ১,৭১,৩৮,০০০/- টাকা। এর মধ্যে চলতি ঋণ যা কিস্তির মাধ্যমে আদায়যোগ্য ৭৮,৯৯,০০০/- টাকা। মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ ৯৬,১৯,০০০/- টাকা। এর মধ্যে ১২,৯০,০০০/- টাকা আদায়ের জন্য মামলা প্রক্রিয়াধীন রয়েছে। উপজেলা ঋণ কমিটির সিদ্ধান্ত মোতাবেক বীর মুক্তিযোদ্ধাগণের ভাতা থেকে ৫০% কর্তন সাপেক্ষে আদায় প্রক্রিয়াধীন রয়েছে। বকেয়া ঋণ আদায়ের জন্য নিয়মিত মাঠে তদারকি করা হয়। তিনি ইউপি চেয়ারম্যানবৃন্দকে বকেয়া ঋণ আদায়ে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানান। তাছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে মর্মে সভায় জানান।	ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম আরও জোড়দার করতে হবে।	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, বাজিতপুর
১৩	উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, এ উপজেলায় ১১টি ইউনিয়নের ভিজিডি কর্মসূচীর ২০২১-২০২২ চক্রের জুলাই/২১ মাসের ভিজিডি খাদ্য শস্য বিতরন সম্পন্ন হয়েছে। তিনি আরো জানানা, মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণের ১২তম ব্যাচের ভর্তি কার্যক্রম এর আবেদন কোভিড-১৯ এর কারণে বন্ধ আছে। ২০২০-২০২১ অর্থ বছরের দরিদ্র মার জন্য মাতৃত্ব ভাতাভোগীদের নিজ নিজ হিসাব নম্বরে টাকা প্রেরণ করা হচ্ছে। বাজিতপুর পৌরসভার কর্মজীবি ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল এর ২০২১-২০২২ অর্থ বছরের জন্য নতুন ভাতাভোগীর বরাদ্দ পাওয়া গেছে। বাজিতপুর উপজেলায় নারী নির্যাতন সংক্রান্ত আদালত হতে ২টি মামলা পাওয়া গেছে। মামলা দুইটির তদন্তের জন্য চিঠি প্রেরণ করা হয়েছে। এছাড়া বাল্য বিবাহের কোন সন্ধান পাওয়া যায়নি।	১। খাদ্য শস্য ও ভাতা বিতরণ কার্যক্রম, মহিলাদেও আয়বর্ধক প্রশিক্ষণসহ যাবতীয় কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক পরিচালনা করতে হবে। ২। আদালত হতে নারী নির্যাতন সংক্রান্ত যে কোন মামলা পাওয়া গেলে তা নির্ধারিত সময়ের মধ্যে সুষ্ঠুভাবে তদন্তপূর্বক মামলা নিস্পত্তিতে ভূমিকা রাখতে হবে। ৩। বাল্যবিবাহ বিষয়ে জনপ্রতিনিধিদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।	উপজেলা মহিলা বিষয়ক অফিসার, বাজিতপুর।
১৪	চেয়ারম্যান সরারচর ইউনিয়ন পরিষদ	চেয়ারম্যান, সরারচর ইউনিয়ন পরিষদ ১৪২৮ বাংলা সনের হাট বাজার ইজারালব্দ অর্থ হতে তার ইউনিয়নের প্রাপ্য ১৫% অর্থ দ্বারা কোটেশনের মাধ্যমে সরারচর বাজারের মাছমহালের ফ্লোর ঢালাইসহ ০১টি শেড পুনঃ নির্মাণের জন্য নিম্নোক্ত প্রকল্পটি দাখিল করেন:- ক) সরারচর মাছমহালের ফ্লোর ঢালাইসহ অবশিষ্ট ০১টি শেড পুনঃ নির্মাণকরণ।	সরারচর ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রস্তাবিত প্রকল্পটি বাস্তবায়নযোগ্য কিনা; উপজেলা প্রকৌশলী তা সরেজমিন পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করবেন।	১। উপজেলা প্রকৌশলী, বাজিতপুর। ২। চেয়ারম্যান, সরারচর ইউপি, বাজিতপুর।
১৫	চেয়ারম্যান পিরিজপুর ইউনিয়ন পরিষদ	চেয়ারম্যান, সরারচর ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, তার ইউনিয়নে পর্যাপ্ত গ্রামপুলিশের অভাবে ইউনিয়ন পরিষদের স্বাভাবিক কার্যক্রম বিঘ্নিত হচ্ছে। তাই তিনি তার ইউনিয়নের গ্রাম পুলিশের শূন্য পদে নিয়োগ দেয়ার জন্য অনুরোধ জানান।	পিরিজপুর ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশের শূন্য পদে নিয়োগ প্রদানের জন্য ইউনিয়ন পরিষদ হতে চাহিদাপত্র প্রেরণ করতে হবে।	চেয়ারম্যান, পিরিজপুর ইউনিয়ন পরিষদ।

CamScanner

১৬	উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প	ইউডিএফ, বাজিতপুর সভায় জানান যে, ৪র্থ পর্যায়ে ০৬টি ট্রেনিং এর মধ্যে ০৪টি বাস্তবায়ন হয়েছে। বাকী ২টির মধ্যে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের ট্রেনিং আগামী ৩১.০৮.২০২১ তারিখ হতে অনুষ্ঠিত হবে। যুব উন্নয়ন অধিদপ্তরের ট্রেনিং এর তারিখ এখনো ধার্য হয়নি। তিনি আরো জানান যে, হাসপাতালে সেন্ট্রাল অক্সিজেন সরবরাহের কাজ প্রায় সমাপ্ত পর্যায়ে এবং ৪২৫ জোড়া বেঞ্চ তৈরীর কাজ চলছে। তিনি উক্ত প্রজেক্ট মনিটরিং করার জন্য উপজেলা প্রশাসন ও উপজেলা পরিষদকে অনুরোধ জানান।	১। জাইকার অর্থায়নে পরিচালিত অবশিষ্ট দুইটি প্রশিক্ষণসমূহ দ্রুত বাস্তবায়ন করতে হবে। ২। হাসপাতালে দ্রুত সময়ের মধ্যে সেন্ট্রাল অক্সিজেন সরবরাহের ব্যবস্থা করতে হবে।	১। উপজেলা প্রকৌশলী, বাজিতপুর। ২। উপজেলা যুব উন্নয়ন অফিসার, বাজিতপুর। ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাজিতপুর।
১৭	তথ্য আপা প্রকল্প	তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প সভায় জানান যে মাঠ পর্যায়ের কার্যক্রম, উঠান বৈঠক, সচেতনতামূলক কার্যক্রম, তথ্য প্রদান কার্যক্রম বন্ধ রয়েছে। পরবর্তীতে প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক কার্যক্রম চালু হবে। তথ্য কেন্দ্রের কার্যক্রম চালু রয়েছে।	সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালনা করতে হবে।	তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, বাজিতপুর।
১৮	বিবিধ	প্যানেল চেয়ারম্যান-১, উপজেলা পরিষদ, বাজিতপুর সভায় জানান যে, উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয়ের ০৩টি কক্ষের জন্য পর্দা, পর্দার স্ট্যান্ড, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছবি স্থাপন বাবদ সর্বমোট ২৪,৫০০/- টাকা ব্যয় হয়েছে। তিনি উক্ত ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে পরিশোধ করার জন্য অনুরোধ জানান। এছাড়া তিনি বলেন যে, উপজেলা পরিষদের জীপগাড়িটি মেরামত করতে ২৪,৫০০/- টাকা ব্যয় হয়েছে। তিনি উক্ত ব্যয়ও উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য অনুরোধ জানান।	উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয় সংস্কার ও জীপগাড়ি মেরামত বাবদ ব্যয়িত ৪৯,০০০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে পরিশোধের জন্য জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, বাজিতপুর। ২। প্যানেল চেয়ারম্যান-১, উপজেলা পরিষদ, বাজিতপুর। ৩। উপজেলা প্রকৌশলী, বাজিতপুর।

পরিশেষে সভাপতি বলেন যে, নতুন অর্থ বছর শুরু হয়েছে। তিনি অর্থ বছরের শুরুতেই সকল দপ্তরের কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক সে অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম পরিচালনার অনুরোধ জানান। তাছাড়াও তিনি সকল দপ্তরকে সমন্বয়ের মাধ্যমে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার অনুরোধ জানা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
গোলনাহার
প্যানেল চেয়ারম্যান-১
উপজেলা পরিষদ
বাজিতপুর, কিশোরগঞ্জ

স্মারক নং- ০৫.১২.৪৮০৬.০০০.০৩.০০৭.১৪- ৫৭৭

তারিখঃ ২৫.০৮.২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ-

১. মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় জাতীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা- ১৬৬, বাজিতপুর-নিকলী, কিশোরগঞ্জ-৫ ।
৩. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, মনিটরিং, ইন্সপেকশন ও ইভ্যালুয়েশন উইং, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

৬. জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
৭. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, কিশোরগঞ্জ।
৮. সিভিল সার্জন, কিশোরগঞ্জ ।
৯. নির্বাহী প্রকৌশলী (বিউবো), কিশোরগঞ্জ।
১০. মেয়র, বাজিতপুর পৌরসভা।
১১. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাজিতপুর, কিশোরগঞ্জ ।
১২. উপজেলা .... কর্মকর্তা, বাজিতপুর, কিশোরগঞ্জ ।
১৩. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), বাজিতপুর, কিশোরগঞ্জ।
১৪. জনাব ....

২৫.০৮.২১

মোছাঃ মোরশেদা খাতুন
উপজেলা নির্বাহী অফিসার
বাজিতপুর, কিশোরগঞ্জ

CamScanner